...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	১১ এপ্রিল ২০২১ খ্রি. রবিবার
সভার সময়	সকাল : ১১.০০ টায়
স্থান	ট্রাস্টের সম্মেলন কক্ষে
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে করোনা ভাইরাসজনিত কারণে বিদ্যমান সংকট থেকে মুক্তির জন্য সভাপতি মহান সৃষ্টিকর্তার নিকট প্রার্থনা করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ১৪ মার্চ ২০২১ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

০৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	কোভিড ১৯ এর সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় সরকার ঘোষিত আসন্ন লকডাউনে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীর ঢাকায় অবস্থানের বিষয়ে আলোচনা হয়।	লকডাউন চলাকালে ট্রাস্টের কোনো কর্মকর্তা/কর্মচারী ঢাকা ত্যাগ করতে পারবে না সবাইকে আবশ্যিকভাবে ঢাকায় অবস্থান করতে হবে।	কর্মকর্তা/কর্মচারী সকল
২.	লকডাউনে জরুরি কাজ চিহ্নিত করে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	লকডাউন চলাকালে ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীগণ ই-মেইল, টেলিফোনে যোগাযোগের মাধ্যমে এবং প্রয়োজনে জুম মিটিং এর মাধ্যমে ই-নথিতে জরুরি কাজ সম্পাদন করবেন।	কর্মকর্তা/কর্মচারী সকল

৩.	লকডাউন চলাকালে অফিসের আসবাবপত্র, বৈদ্যুতিক সরঞ্জাম, কম্পিউটার সামগ্রী ও গাড়ির নিরাপত্তার বিষয়ে আলোচনা হয়।	(ক) ১৩/০৪/২০২১ তারিখে বিকাল ৫ টায় অফিস ত্যাগের পূর্বে সকল বৈদ্যুতিক সরঞ্জাম ও কম্পিউটার সামগ্রী মূল বৈদ্যুতিক লাইন থেকে বিচ্ছিন্ন করতে হবে। (খ) বিদ্যমান সিসি ক্যামেরার মাধ্যমে অনলাইনে ট্রাস্ট অফিসকে মনিটরিং করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। (গ) ট্রাস্টের ০২ জন অফিস সহায়ক পালাক্রমে ট্রাস্ট কার্যালয়ে অবস্থান করে নিরাপত্তা নিশ্চিত করবেন। (ঘ) ১৩/০৪/২০২১ তারিখে অফিস ত্যাগের প্রাক্কালে ট্রাস্ট অফিসের সকল কক্ষের দরজা জানালা বন্ধ করতে হবে। (ঙ) যে কোনো ধরনের দুর্ঘটনা এড়ানোর জন্য ০৪ টি গাড়ির সিলিন্ডারের বিদ্যমান অবস্থা যাচাই করে নিরাপত্তা জোরদারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রোগ্রামার সহকারী পরিচালক (প্রশাসন) সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
৪.	ট্রাস্টি বোর্ডের ১১তম সভার কার্যবিবরণী ৫.৩ (গ) এর সিদ্ধান্তের আলোকে ই-শিক্ষা সহায়তা ও ই-আর্থিক অনুদান প্রদান কার্যক্রম দু'টি মাননীয় শিক্ষামন্ত্রী এবং মাননীয় আইসিটি প্রতিমন্ত্রী কর্তৃক উদ্বোধনের বিষয়ে আলোচনা হয়।	ই-শিক্ষা সহায়তা ও ই-আর্থিক অনুদান প্রদান কার্যক্রম দু'টি উদ্বোধনের পূর্বে live-এ যাওয়ার উপযোগী কিনা সকল বিষয়াদি পর্যবেক্ষণ করতে হবে এবং মাননীয় শিক্ষামন্ত্রী-র সানুগ্রহ সম্মতির আলোকে উদ্বোধনের আয়োজন করতে হবে।	পরিচালক
৫.	সহকারী পরিচালক (প্রশাসন) সভায় জানান, গত ২৫/০৩/২০২১ তারিখে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা, ২০১৪' পর্যালোচনামূলক কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ট্রাস্টের কাজের পরিধি বিস্তৃত হওয়ার প্রেক্ষিতে নিজস্ব চাহিদা অনুযায়ী ব্লকড পদসমূহ পদোন্নতির সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় পদসোপান তৈরি ও পদ সৃজনের উদ্যোগ নেয়ার সিদ্ধান্ত হয়।	জুমের মাধ্যমে ট্রাস্টের কর্মকর্তাদের সমন্বয়ে সভা আয়োজন করে প্রয়োজনীয় পদের তালিকা প্রস্তুত করতে হবে।	পরিচালক
৬.	ট্রাস্টি বোর্ডের ১১তম সভার কার্যবিবরণী ৫.৩ (চ) এর সিদ্ধান্তের আলোকে ট্রাস্ট ফান্ডের আকার বৃদ্ধির পাশাপাশি সারা দেশের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি, আর্থিক সহায়তা ও আর্থিক অনুদান প্রদান কার্যক্রমের পরিধি সম্প্রসারণের জন্য বাংলাদেশ ব্যাংক, এফবিসিসিআই এবং বিএবি-'র সাথে সক্রিয় যোগাযোগের বিষয়ে আলোচনা হয়।	বাংলাদেশ ব্যাংক, এফবিসিসিআই এবং বিএবি'র সাথে সক্রিয় যোগাযোগের মাধ্যমে ফান্ড সম্প্রসারণের উদ্যোগ নিতে হবে।	পরিচালক
৭.	সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP) ট্রাস্ট কার্যালয়ে স্থানান্তর বিষয়ে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।	সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP) এর স্থানান্তর কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণ করতে হবে।	পরিচালক ও উপ-পরিচালক

৮.	ট্রাস্টের সম্মেলন কক্ষের জন্য ১ টি ডিজিটাল বোর্ড, প্রজেক্টর স্ক্রিন, কম্পিউটার সামগ্রী ক্রয়ের বিষয়ে আলোচনা হয়।	জুন ২০২১ এর মধ্যে সম্মেলন কক্ষের জন্য ১ টি ডিজিটাল বোর্ড, প্রজেক্টর স্ক্রিন এবং প্রয়োজনীয় কম্পিউটার সামগ্রী ক্রয়ের কাজ সম্পন্ন করতে হবে।	প্রোগ্রামার
৯.	লকডাউন চলাকালীন জুমের মাধ্যমে “Introduction to web development” বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার বিষয়ে সভায় আলোচনা হয়।	“My SQL” কোর্সের সর্বশেষ ক্লাশ সম্পন্ন হওয়ার পর প্রশিক্ষণার্থীদের মূল্যায়নের জন্য ট্রাস্টের প্রোগ্রামারের তত্ত্বাবধানে একটি পরীক্ষা গ্রহণ করা হবে। এরপর BCC এর ০৪ জন রিসোর্স পার্সোনের সাথে যোগাযোগ করে প্রশিক্ষণের পরবর্তী সিডিউল নির্ধারণ করতে হবে।	প্রোগ্রামার
১০.	এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের চিকিৎসা অনুদান ও ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত আরও একটি সভা জুন মাসের মধ্যে আয়োজন করা যায় কিনা সে বিষয়ে আলোচনা হয়।	দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের চিকিৎসা অনুদান ও ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত সভা জুন মাসের মধ্যে আয়োজন করা হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি)
১১.	কোভিড-১৯ সংক্রমণের তীব্রতা হঠাৎ করে উর্ধ্বমুখী হওয়ায় সভাপতি সভায় উদ্বেগ প্রকাশ করেন। সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারীর দাপ্তরিক কাজে অংশগ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে ট্রাস্টের সকল কর্মকর্তা/কর্মচারী নিয়মিত অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন করবেন এবং সকলকে আবশ্যিকভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.৬৮

তারিখ: ২৯ চৈত্র ১৪২৭
১২ এপ্রিল ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৪) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৫) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৬) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৭) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৮) প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৯) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১০) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১১) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১২) হিসাব রক্ষক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৭) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৯) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

২০) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

AJahan

রেজওয়ানা আক্তার জাহান

সহকারী পরিচালক